

Published: 2018-08-08 17:29:17 BdST, Updated: 2018-08-11 11:54:52 BdST



ইউআইইউ লাইভ: ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ইউআইইউ) নতুন ভিসি হিসেবে নিয়োগ পেয়েছেন প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমান। প্রেসিডেন্ট ও ইউনাইটেড ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির চ্যান্সেলর আবদুল হামিদ বিশ্ববিদ্যালয়ের নতুন ভিসি হিসেবে প্রফেসর ড. চৌধুরী মোফিজুর রহমানকে চার বছরের জন্য নিয়োগ দেন।

তিনি ২০০৩ সাল থেকে বিশ্ববিদ্যালয়ের প্রো-ভিসি হিসেবে পরপর তিনবার দায়িত্ব পালন করেন। ইউআইইউতে যোগ দেওয়ার আগে তিনি বুয়েটের কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের প্রফেসর হিসেবে দীর্ঘ পনের বছর কর্মরত ছিলেন।

এ সময়ে তিনি কম্পিউটার সাইন্স ও ইঞ্জিনিয়ারিং বিভাগের বিভাগীয় চেয়ারম্যান হিসেবেও দায়িত্ব পালন করেন। বুয়েট থেকে কৃতিত্বের সাথে বিএসসি, এমএসসি শেষ করে চৌধুরী মোফিজুর রহমান মনোবসু বৃত্তি নিয়ে জাপানের টোকিও ইনস্টিটিউট অব টেকনোলজি থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন।

এছাড়াও তিনি ইউরোপীয় ইউনিয়নের ১১ মিলিয়ন ইউরো ব্যয়ে পরিচালিত তিনটি প্রকল্পের (ইলিংক, সিলিংক ও ফিউশন) যুগ্ম সমন্বয়কের দায়িত্ব পালন করেন। দেশীয় ও আন্তর্জাতিক জার্নালে তাঁর ১১৯ টি গবেষণা প্রবন্ধ প্রকাশিত হয়েছে।

ঢাকা, ০৮ জুলাই (ক্যাম্পাসলাইভ২৪.কম)//এমআই

ক্যাম্পাসলাইভ২৪ডটকম-এ (campuslive24.com) প্রচারিত/প্রকাশিত যে কোনো সংবাদ, তথ্য, ছবি, আলোকচিত্র, রেখাচিত্র, ভিডিওচিত্র, অডিও কনটেন্ট কপিরাইট আইনে পূর্বানুমতি ছাড়া ব্যবহার করা আইনত অপরাধ।